গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
সমাজসেবা অধিদপ্তর
**সামাজিক নিরাপত্তা অধিশাখা**
আগারগাঁও, শেরেবাংলা নগর, ঢাকা-১২০৭
www.dss.gov.bd

স্মারক নম্বর: ৪১.০১.০০০০.০০৮.১৮.০১৯.২৬.    ৬৪৫    তারিখ: ২৫ জুলাই ২০২৬ খ্রিষ্টাব্দ

**বিষয়: ফ্যামিলি কার্ড বাস্তবায়নের নিমিত্ত তথ্য সংগ্রহকারী ও সুপারভাইজার নিয়োজিতকরণ সময়সীমা পুনঃনির্ধারণ ও জরুরি নির্দেশনা।**

উপর্যুক্ত বিষয়ের পরিপ্রেক্ষিতে সংশ্লিষ্ট সকলের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, সমাজসেবা অধিদপ্তর পরিচালিত 'ফ্যামিলি কার্ড' বাস্তবায়নের লক্ষ্যে তথ্য সংগ্রহকারী ও সুপারভাইজার নিয়োজিত করার নিমিত্ত আবেদন গ্রহণ ও পরীক্ষা অনুষ্ঠানের সময়সীমা দেশের কিছু কিছু এলাকায় প্রতিকূল পরিবেশ ও অনিবার্য পরিস্থিতির কারণে নির্ধারিত সময়ে সম্পন্ন করা সম্ভব হচ্ছে না মর্মে জানা গেছে।

এমতাবস্থায়, যোগ্য, দক্ষ ও সঠিক তথ্য সংগ্রহকারী ও সুপারভাইজার নিয়োজিতকরণ নিশ্চিতকরণের স্বার্থে কর্তৃপক্ষ কর্তৃক নিম্নরূপ জরুরি নির্দেশনা জারি করা হলো:

১. **আবেদনের সময়সীমা বৃদ্ধি:** তথ্য সংগ্রহকারী ও সুপারভাইজার পদের জন্য আবেদনপত্র গ্রহণের সময়সীমা আগামী **২৮ জুলাই ২০২৬ খ্রিষ্টাব্দ বেলা ১২:০০ ঘটিকা** পর্যন্ত বৃদ্ধি করা হলো।

২. **তালিকা চূড়ান্তকরণ:** নতুন ও পুরাতন সকল আবেদন যাচাই-বাছাই, পরীক্ষা গ্রহণ ও মূল্যায়ন শেষে আগামী **৩০ জুলাই ২০২৬ খ্রিষ্টাব্দের মধ্যে** চূড়ান্ত নির্বাচিত তালিকা বাধ্যতামূলকভাবে প্রকাশ করতে হবে।

৩. **চলমান পরীক্ষা সংক্রান্ত নির্দেশনা:** যে সকল স্থানে পরীক্ষা গ্রহণ প্রক্রিয়া বর্তমানে চলমান রয়েছে, সে সকল স্থানে পরীক্ষা প্রক্রিয়া অব্যাহত রাখা যাবে অথবা, স্থানীয় কমিটির সিদ্ধান্ত অনুযায়ী পরীক্ষা স্থগিত রেখে পরবর্তীতে নতুন আবেদনকারীদের সুবিধার্থে একসাথে পরীক্ষা নেওয়া যাবে।

৪. **আজ বা আগামীকাল (২৫ ও ২৬ জুলাই) নির্ধারিত পরীক্ষা:** যদি আজ (২৫ জুলাই) অথবা আগামীকাল (২৬ জুলাই) কোনো পরীক্ষা নির্ধারিত থাকে, তবে স্থানীয় পরিস্থিতি বিবেচনা করে পরীক্ষা স্থগিত বা চলমান রাখার বিষয়ে সিদ্ধান্ত নেওয়া যাবে।

- **পরীক্ষা চলমান রাখলে:** নতুন আবেদনকারীদের জন্য পরবর্তীতে দ্বিতীয়বার (আলাদাভাবে) পরীক্ষা নিতে হবে।
- **একবারে পরীক্ষা নিতে চাইলে:** বর্তমান নির্ধারিত পরীক্ষা স্থগিত করতে হবে এবং নতুন-পুরাতন সকল আবেদনকারীদের একসাথে পরীক্ষা নিতে হবে।
- **সিদ্ধান্ত গ্রহণ:** এই বিষয়ে সংশ্লিষ্ট নিয়োগ কমিটির **সভাপতির সাথে আলোচনা ও পরামর্শ করে** চূড়ান্ত সিদ্ধান্ত গ্রহণ করতে হবে।

**৪. পরীক্ষা গ্রহণ পদ্ধতি:  কোনো ধরনের লিখিত পরীক্ষা গ্রহণ করা যাবে না। নির্দেশিকায় বর্ণিত 'ফরম-০৩ ক' ও 'ফরম-০৩ খ' এর মানবণ্টন অনুযায়ী প্রাকটিক্যাল, মৌখিক ও জিপিএ নম্বরের ভিত্তিতে পরীক্ষার ফলাফল নির্ধারণ করতে হবে।**

৫. **প্রশিক্ষণ ও পরবর্তী কার্যক্রম:** চূড়ান্ত তালিকা প্রকাশের পর প্রশিক্ষণসহ অন্যান্য কার্যক্রমের সময়সীমা যথাসময়ে পুনঃনির্ধারণপূর্বক সংশ্লিষ্টদের অবহিত করা হবে।

অতএব, বর্ণিত নির্দেশনাসমূহ প্রতিপালনপূর্বক ফ্যামিলি কার্ড বাস্তবায়ন কার্যক্রম সুচারুভাবে সম্পন্ন করার জন্য সংশ্লিষ্ট কমিটির সভাপতি, সদস্য-সচিব ও সংশ্লিষ্ট সকলকে বিশেষভাবে অনুরোধ করা হলো।

বিষয়টি অতীব জরুরি।

(শাহ্ মোহাম্মদ মাহবুব)
মহাপরিচালক
ফোন: ০২-৫৫০০৭০২৪৫
ইমেইল: dg@dss.gov.bd

**পরিচালক**
**বিভাগীয় সমাজসেবা কার্যালয় (সকল)**